গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০
*www.fulbaridinajpur.gov.bd*

**বিষয় ঃ উপজেলা সন্ত্রাস ও নাশকতামূলক প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী ।**

সভাপতি ঃ মোঃ রিয়াজ উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
সভার স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
আলোচ্য মাস ঃ ডিসেম্বর, ২০২১.
তারিখ ঃ ১০/০১/২০২২ খ্রিঃ।
সময় ঃ ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর গত সভার কার্য বিবরণ পাঠ শুনানো হয়। গত সভার সিদ্ধান্তে কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। তিনি বর্তমানে সার্বিক অবস্থার প্রেক্ষিতে সন্ত্রাস ও নাশকতামূলক অপচেষ্টা রোধ ও শান্তি-শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে উপস্থিত সম্মানিত সদস্যগণকে সংক্ষিপ্তভাবে আলোচনা ও মতামত উপস্থাপনের জন্য অনুরোধ জানান। | ১) জুম্মার নামাযের খুতবার সময় মাদক, বাল্য বিবাহ এবং জঙ্গী বিরোধী আলোচনা অব্যাহত রাখতে হবে। | ১) মেয়র, ফুলবাড়ী পৌরসভা, সকল ইউপি চেয়ারম্যান, ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন ফুলবাড়ী, দিনাজপুর। |
| অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর এঁর উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, গত মাস অপেক্ষা আলোচ্য মাসে অপরাধের হার বৃদ্ধি পেলেও বর্তমানে অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। অতঃপর জুম্মার নামাযের খুতবার সময় মাদক, বাল্য বিবাহ এবং জঙ্গী বিরোধী আলোচনা অব্যাহত রাখার জন্য পৌর মেয়র, সকল ইউপি চেয়ারম্যান ও ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ফুলবাড়ী, দিনাজপুর-কে অনুরোধ জানান। এছাড়াও তিনি আরও বলেন যে, মাদকের বিরুদ্ধে বিশেষ কার্যক্রম অব্যাহত রয়েছে এবং বর্তমানে এর প্রবণতা অনেকটাই কমে গেছে। আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক থাকলেও যাতে কোন রকম নাশকতামূলক ঘটনা না ঘটে, সেজন্য পুলিশ সর্বত্র সজাগ দৃষ্টি রাখছে। | ২) মাদকের বিরুদ্ধে পুলিশের অভিযান পরিচালনা অব্যাহত থাকবে।<br>৩) ইউনিয়ন পর্যায়ে কোথাও যেন কোন রকম নাশকতামূলক ঘটনা না ঘটে সেজন্য ইউপি গ্রাম পুলিশদের সর্বত্র সজাগ দৃষ্টি রাখতে হবে। | ২) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।<br>৩) সকল ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী দিনাজপুর। |
| চেয়ারম্যান, ১ নং এলুয়াড়ী ইউপি সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। কোথাও কোন নাশকতামূলক ঘটনা ঘটেনি এবং সর্বত্র সজাগ দৃষ্টি রাখা হচ্ছে।<br>চেয়ারম্যান, ৩ নং কাজিহাল ইউপি সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। কোথাও কোন নাশকতামূলক ঘটনা ঘটেনি এবং সর্বত্র সজাগ দৃষ্টি রাখা হচ্ছে।<br>চেয়ারম্যান, ৪ নং কাজিহাল ইউপি সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। কোথাও কোন নাশকতামূলক ঘটনা ঘটেনি এবং সর্বত্র সজাগ দৃষ্টি রাখা হচ্ছে।<br>চেয়ারম্যান, ৫ নং খয়েরবাড়ী ইউপি সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। কোথাও কোন নাশকতামূলক ঘটনা ঘটেনি এবং সর্বত্র সজাগ দৃষ্টি রাখা হচ্ছে। | ৪) জঙ্গী তৎপরতা বন্ধে শহর বা গ্রাম এলাকায় কোন অপরিচিত সন্দেহভাজন ব্যক্তিকে দেখা মাত্রই তা তৎক্ষণাৎ পুলিশ প্রশাসনকে অবহিত করতে হবে। | ৪) পৌর মেয়র, ফুলবাড়ী পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী, দিনাজপুর। |

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| চেয়ারম্যান, ৬ নং দৌলতপুর ইউপি সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। কোথাও কোন নাশকতামূলক ঘটনা ঘটেনি এবং সর্বত্র সজাগ দৃষ্টি রাখা হচ্ছে।<br>সভাপতি সকলের বক্তব্য শ্রবণ করে অবহিত হয়েছেন যে, গত মাস অপেক্ষা আলোচ্য মাসে অপরাধের হার বৃদ্ধি পেলেও বর্তমানে অত্র উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। তিনি আরও বলেন যে, বর্তমানে দেশে জঙ্গী তৎপরতা যেন না ঘটে সেজন্য সজাগ দৃষ্টি রাখতে হবে। অতঃপর শহর অথবা গ্রাম এলাকায় কোন অপরিচিত সন্দেহভাজন ব্যক্তিকে দেখা মাত্র অথবা কোন সন্দেহভাজন কার্যক্রম পরিলক্ষিত হলে তা তৎক্ষণাৎ পুলিশ প্রশাসনকে অবহিত করার জন্য পৌর মেয়রসহ প্রত্যেক ইউপি চেয়ারম্যানকে তিনি অনুরোধ জানান। এছাড়া তিনি মাদকের ব্যবহার ও ব্যবহার প্রতিরোধ করতে সামাজিক সচেতনতা বৃদ্ধির পাশাপাশি জনপ্রতিনিধিসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের আন্তরিক সহযোগীতা কামনা করেন। অতঃপর তিনি সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম ও আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার নিমিত্ত জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পৌরসভা/ইউনিয়ন পরিষদে ওয়ার্ড পর্যায়ে সন্ত্রাস ও নাশকতামূলক প্রতিরোধ কমিটির সভা প্রতি মাসে আহবান করে নিয়মিতভাবে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করেন। কোথাও কোন নাশকতামূলক ঘটনা ঘটলে তা তৎক্ষণাৎ সভাপতি অথবা অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে অবহিত করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>অতঃপর পোষাক পরিহিত গ্রাম পুলিশ দ্বারা ইউনিয়ন ভূমি অফিসসহ অত্র ইউনিয়ন পরিষদ এলাকায় যে সকল সরকারী অফিস রয়েছে, সে সকল অফিসমূহে রাত্রে পাহারা অব্যাহত রাখতে সকল ইউপি চেয়ারম্যানকে তিনি অনুরোধ করেন। তিনি সন্ত্রাস ও নাশকতা রোধকল্পে জনপ্রতিনিধিসহ সকল রাজনৈতিক নেতৃবৃন্দকে একযোগে কাজ করার আহবান জানান। আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার নিমিত্ত চিহ্নিত স্পট সমূহে পুলিশ টহল অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানাকে আহবান জানান। তিনি পুলিশ এবং আনসার ভিডিপির পাশাপাশি চিহ্নিত স্পট সমূহে গ্রাম পুলিশদের ইউনিফর্ম পরিধান করে পাহারা অব্যাহত রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | ৫) পোষাক পরিহিত গ্রাম পুলিশ দ্বারা ইউনিয়ন ভূমি অফিসসহ অত্র ইউনিয়ন পরিষদ এলাকায় যে সকল সরকারী অফিস রয়েছে, সে সকল অফিসমূহে রাত্রে পাহারা অব্যাহত রাখতে হবে।<br>৬) করোনা ভাইরাস পরিস্থিতিতে কেউ যাতে নাশকতামূলক ঘটনা না ঘটাতে পারে সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>৭) ওয়ার্ড ভিত্তিক সন্ত্রাস ও নাশকতামূলক প্রতিরোধ কমিটির সভা করে প্রতিমাসে নিয়মিতভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। | ৫) সকল ইউ[illegible] চেয়ারম্যান, ফুলবাড়ী, দিনাজপু।<br>৬) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী, দিনাজপুর।<br>৭) সকল ইউপি চেয়ারম্যান, ফুলবাড়ী, দিনাজপু। |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ রিয়াজ উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সন্ত্রাস ও নাশকতামূলক প্রতিরোধ কমিটি
ফুলবাড়ী, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর
পোঃ কোঃ-৫২৬০
*www.fulbaridinajpur.gov.bd*

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৮৪.০০১.২১-২২১ (৪৬)

তারিখ ঃ ০৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। জনাব মোস্তাফিজুর রহমান, মাননীয় সংসদ সদস্য, ১০ দিনাজপুর-৫।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। পুলিশ সুপার, দিনাজপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৫। ভাইস্ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর
৭। অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর।
৮। মেয়র, ফুলবাড়ী, পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
৯। উপজেলা............................................অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
১০। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। চেয়ারম্যান, ............................................ (সকল) ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
১২। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, ............................................ফুলবাড়ী, দিনাজপুর।
১৩। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর।
১৪। সভাপতি, ফুলবাড়ী প্রেসক্লাব/ফুলবাড়ী থানা প্রেসক্লাব/ফুলবাড়ী উপজেলা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর।
১৫। জনাব..............................................................ফুলবাড়ী, দিনাজপুর।

২৩/০১/২০২২

উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

উপস্থিত উপদেষ্টা/সদস্যবৃন্দের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ২। | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৩। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৪। | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর এর উপস্থিত প্রতিনিধি। | " |
| ৫। | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৬। | অধ্যক্ষ, শহীদ স্মৃতি আদর্শ ডিগ্রী কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৭। | অধ্যক্ষ, দারুস সুন্নাহ সিদ্দিকীয়া ফাজিল মাদ্রাসা, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৮। | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ৯। | প্রধান শিক্ষক, ফুলবাড়ী জি. এম. পাইলট উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১০। | ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১১। | চেয়ারম্যান, ১ নং এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১২। | চেয়ারম্যান, ২ নং আলাদীপুর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৩। | চেয়ারম্যান, ৩ নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৪। | চেয়ারম্যান, ৪ নং বেতদিঘী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৫। | চেয়ারম্যান, ৫ নং খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৬। | চেয়ারম্যান, ৬ নং দৌলতপুর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৭। | চেয়ারম্যান, ৭ নং শিবনগর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৮। | সভাপতি/সম্পাদক, ফুলবাড়ী প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। | " |
| ১৯। | সভাপতি/সম্পাদক, ফুলবাড়ী থানা প্রেসক্লাব, ফুলবাড়ী, দিনাজপুর। | " |